

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালক (এ.পি) এর দণ্ডর
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিলেট।

স্মারক নং : ৩৩.০১.০০০০.৬১২.৫৪.০৫৪.১৯-১২০

তারিখ: ০৬-১০-২০১৯ খ্রি:

নোটিশ

বিষয় : মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় মহিষ এ.আই কর্মী নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান প্রসঙ্গে।

সূত্রঃ ০১। উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ০৬-১০-২০১৯ খ্রি: তারিখের স্মারক নং - ৩৩.০১.০০০০.৬০০.০২.০৫৫.১৬-১৯৯০(৩৯) মোতাবেক।

০২। প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা নং-৩৩.০১.০০০০.৮২৯.১৫.০৭৭.১৯-৫৮৫ তারিখঃ ০৩-১০-২০১৯ খ্রি: মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় নিম্ন বর্ণিত উপজেলা থেকে মহিষের এ.আই কর্মী নির্বাচন করা হবে। আবেদনকারী সাদা কাগজে নাম, পিতার নাম সহ বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার বিবরণ, জম্ম তারিখ উল্লেখপূর্বক নির্বাচন কমিটির সভাপতি সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার বরাবর আবেদন করবেন এবং তা সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ অফিসে ০৬-১০-২০১৯ খ্রি; হতে ১৭-১০-২০১৯ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিবেন। প্রতিজন মহিষ এ.আই কর্মী মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ভাতা প্রাপ্ত হবেন।

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম
০১।	সুনামগঞ্জ	সুনামগঞ্জ সদর, দ: সুনামগঞ্জ, জগন্নাথপুর, ছাতক, দোয়ারাবাজার, দিবাই।
০২।	সিলেট	সিলেট সদর, বিয়ানীবাজার, ফেঁপুঁগঞ্জ।
০৩।	মৌলভীবাজার	কুলাউরা।

০১। মহিষ এ.আই কর্মীর যোগ্যতা :

ক) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

খ) এস.এস.সি পাশ বা সমমান (বিজ্ঞান বিভাগের প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে)।

গ) বয়স অনুরূপ ৪০ বৎসর হতে হবে।

ঘ) সংশ্লিষ্ট উপজেলার প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

ঙ) কৃত্রিম প্রজনন কাজের প্রতি আগ্রহী ও পরিশ্রমী বেকার যুবক।

চ) প্রকল্পের ১ম পর্যায়ে নিয়োগ প্রাপ্ত আগ্রহী মাঠ কর্মীদের অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

ছ) পূর্ব অভিজ্ঞতা, প্রশিক্ষণপ্রাপ্ত ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

০২। আবেদন পত্রের সাথে যে সকল কাগজ পত্র সংযুক্ত করতে হবে :

ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।

খ) নাগরিকত্ব সনদপত্র (ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।


গ) চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

ঘ) ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (হালনাগাদ তোলা ছবি)।

ঙ) অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র।

ছ) বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি পাশ সার্টিফিকেট গ্রহণ যোগ্য।

০৩। আবেদনকারী সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট আবেদন পত্র দাখিল করবেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রার্থীর আবেদন যাচাইপূর্বক জেলা কমিটির সভাপতি/সদস্য সচিবের নিকট 'যাচাই প্রত্যায়ন' সহ আবেদন পত্র প্রেরণ করবেন।


(মো: সামুল হোসেন)

সহকারী পরিচালক (এ.পি)

জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিলেট

ও

সদস্য সচিব

মহিষ এ.আই কর্মী নির্বাচন কমিটি

স্মারক নং-৩৩.০১.০০০০.৬১২.৬৬.০৬৬.১৯- ১২০(১৭)

তারিখঃ ০৬-১০-২০১৯ খ্রি:

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১-১০। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।


১১-১৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট/ সুনামগঞ্জ/মৌলভীবাজার।

১৪। প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

১৫। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দণ্ডর, সিলেট বিভাগ, সিলেট।

১৬। উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

১৭। অফিস কপি।


(মো: সামুল হোসেন)

সহকারী পরিচালক (এ.পি)

জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র

সিলেট।